



আইসিটি পরিপত্র নং- ০২/১৫

তারিখঃ ০৬-০৮-২০১৫খ্রিঃ।

**বিষয়ঃ ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার সমূহে সংরক্ষিত তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার সমূহের দৈনন্দিন তত্ত্বাবধান, সংরক্ষণ এবং কম্পিউটার সমূহের মাধ্যমে পরিচালিত ব্যাংকিং অপারেশন সহ সংরক্ষিত তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ইতিমধ্যেই নানাবিধ নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যাংকের কম্পিউটার সমূহের সার্বিক নিরাপত্তা বিধানকল্পে তথ্য ও যোগাযোগ বিভাগ হতে ICT Security Policy, June 2014 জারী করা হলেও শাখা ও কার্যালয়সমূহ কর্তৃক তা যথাযথভাবে পরিপালিত না হওয়ায় নানাবিধ অনিয়ম সংঘটিত হচ্ছে এবং ব্যাংক ঝুঁকির মধ্যে পড়ছে। এ প্রেক্ষাপটে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ব্যাংকের সকল কম্পিউটারের যথাযথ রক্ষণাবেক্ষণ ও কম্পিউটারে সংরক্ষিত সকল তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে সদয় নির্দেশনা প্রদান করেছেন।


০২। বর্ণিত অবস্থায়, ব্যাংকের কম্পিউটার সমূহের মাধ্যমে পরিচালিত ব্যাংকিং অপারেশন সহ কম্পিউটারে সংরক্ষিত সকল তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো :

- বিকেবি'র সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত সকল কম্পিউটারে Login Password এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ব্যাংকিং অপারেশন পরিচালিত হচ্ছে এমন সার্ভার ও কম্পিউটার সমূহের Password শাখা প্রধান, কম্পিউটার ইনচার্জ বা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে রাখতে হবে।
- শাখা প্রধান এবং কম্পিউটার ইনচার্জ বা DBA (Database Administrator) এর যৌথ উপস্থিতিতে Database Password ব্যবহার করতে হবে এবং এতদসংক্রান্ত পূর্ববর্তী সকল নির্দেশনা পরিপালন করতে হবে।
- ব্যাংকের কোন কম্পিউটার খোলা রেখে Un attendant অবস্থায় রাখা যাবে না। Userগণ কর্তৃক আসন ত্যাগের পূর্বে অবশ্যই কম্পিউটার সমূহ হতে লগ আউট পূর্বক Password Protection Features চালু করতে হবে।
- কোন অবস্থাতেই ব্যাংকিং অপারেশন ও সকল কম্পিউটার Userগণের নিজ নিজ User Name ও Password পরস্পরের কাছে হস্তান্তর করা যাবে না।
- Password ব্যবহারের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা ও অতীব সতর্কতা অবলম্বন করতে হবে।
- কম্পিউটার সমূহে সংরক্ষিত গুরুত্বপূর্ণ তথ্য ও উপাত্ত সম্বলিত সকল অফিস ফাইল/ফোল্ডারের Security নিশ্চিত করণের নিমিত্তে Password ব্যবহার করতে হবে যাতে কম্পিউটারে ফাইল Open এবং Edit করতে গেলে Password এর ব্যবহারের বাধ্যবাধকতা থাকে।
- শাখা সমূহে ও বিভিন্ন কার্যালয়ে সংস্থাপিত সকল Network Devices ও Equipment এর নিরাপত্তা বিধান কল্পে শাখা প্রধান, কম্পিউটার ইনচার্জ বা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত তা পর্যবেক্ষণ করতে হবে। উল্লিখিত যন্ত্রাদি কোন অবস্থাতেই খোলা এবং অরক্ষিত জায়গায় সংস্থাপন করা যাবে না।
- শাখা/কার্যালয়ে স্থাপিত সকল কম্পিউটারের Network Address (IP Address) এর গোপনীয়তা রক্ষা করতে হবে। সংশ্লিষ্ট নহে এমন কারো কাছে কোন অবস্থাতেই Network সংক্রান্ত তথ্যাদি প্রকাশ করা যাবে না।
- কম্পিউটার অপারেশন সংশ্লিষ্ট স্থানে সকল বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করতে হবে।
- সর্বোপরি, সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটারে সংরক্ষিত সকল তথ্য ও উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণসহ জাল-জালিয়াতি রোধকল্পে সংশ্লিষ্ট সকলকে সর্বশেষ ICT Security Policy ও বিভিন্ন সময়ে জারিকৃত সকল পরিপত্র যেমন- আইসিটি পরিপত্র নং- ০১/২০১২, ০২/২০১২, প্রশাসন পরিপত্র নং- ০৭/২০১৫ ইত্যাদিতে প্রদত্ত এতদসংক্রান্ত যাবতীয় দিক নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

০৩। শাখা ও অফিস প্রধানগণ তাদের অধীনস্থ সকল কর্মকর্তাদের কম্পিউটার সমূহ ও এতদসংশ্লিষ্ট ব্যবহারবিধি নিয়মানুযায়ী তদারকী করবেন এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন। নিরাপত্তা নিশ্চিতমূলক ব্যবস্থা গ্রহণ না করার কারণে যদি ব্যাংক কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হয় বা ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, তার দায়-দায়িত্ব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বহন করবে না; বরং সংশ্লিষ্ট কর্মকর্তাসহ শাখা ও অফিস প্রধানগণকে দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,


  
(মোঃ মহিউদ্দীন দেওয়ান) ০৬/০৮/১৫  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/আইসিটি/৭(৬১)/২০১৫-২০১৬/১৩৪(১২৫২)

তারিখ : ৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১ ও ২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, মহোদয়ের দপ্তর/ অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব বিকেবি প্রকা, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১০। নথি/মহানথি।

  
(দীনেশ চন্দ্র বিশ্বাস)  
সহকারী মহাব্যবস্থাপক